

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়  
তাড়াশ, সিরাজগঞ্জ।

স্মারক নং-৩৩.০১.৮৮৮৯.০০০.১৬.০০১.১৯.৮৯

তারিখঃ ০১/০৮/২০১৯খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য নির্বাচিত ইউনিয়নে প্রাথমিক ভাবে ০৩ (তিন) জনের একটি তালিকা অত্রহী প্রার্থীদের মধ্য হতে নির্বাচন করে প্রকল্প পরিচালক প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (LDDP), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা প্রেরণ করা হবে। পরবর্তী উক্ত তালিকার মধ্য হতে র্যান্ডম পদ্ধতিতে প্রকল্প পরিচালক নির্ধারিত ইউনিয়নের জন্য ০১ (এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার (Livestock Service Provider) (LSP) চূড়ান্তভাবে নির্বাচন করবেন। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। অত্রহীদের আগামী ১৮/০৮/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো এবং উপজেলা, প্রাণিসম্পদ দপ্তর, তাড়াশ, সিরাজগঞ্জ এর অফিস কক্ষে আগামী ২১/০৮/২০১৯খ্রিঃ তারিখে সকাল ১০ ঘটিকায় পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

- ১। সংশ্লিষ্ট ইউনিয়নে/ পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
- ৩। পুরুষ বা নারী উভয়েই ((LSP) হিসেবে আবেদন করতে পারবে।
- ৪। ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৫। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/ সমমান পাস হতে হবে। বাংলা পড়া ও লেখায় দক্ষ হতে হবে।
- ৬। প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতার সনদ থাকতে হবে।
- ৭। কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
- ৮। অন্য কোন প্রতিষ্ঠানে পূর্বকালীন কর্মরতদের এবং / অথবা এনএটিপি এর সিলদের আবেদন করার প্রয়োজন নেই।

যে সকল কাগজপত্র জমা দিতে হবে

- যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প পরিচালক বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্র।
- সকল সনদ ও অভিজ্ঞতার সত্যায়িত কপি।
- নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
- এনআইডি এর সত্যায়িত কপি।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

01/08/2019

(ডাঃ মোহাম্মদ আবু হানিফ)  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
তাড়াশ, সিরাজগঞ্জ।

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো-

- ১। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ।
- ২। উপজেলা কৃষি অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ।
- ৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ।

অনুলিপিঃ

- ১। জেলা প্রাণিসম্পদ অফিসার, সিরাজগঞ্জ। (সদয় অবগতির জন্য)।
- ২। নোটিশ বোর্ড।
- ৩। অফিস কপি।